শৈলকুপায় ট্রাক চাপায় স্কুল ছাত্র নিহত

ঝিনাইদহের শৈলকুপায় ট্রাক চাপায় জিসান (১৭) নামের মোটরসাইকেল আরোহী স্কুল ছাত্র নিহত হয়েছে। আজ বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে উপজেলার বড়দাহ এলাকায় এ দূর্ঘটনাটি ঘটে। নিহত স্কুল ছাত্র জিসান উপজেলার বড়দাহ গ্রামের মান্নান হোসেনের ছেলে।

স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার বেলা ১২ টার দিকে জিসান গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয়ে ব্যবহারিক পরীক্ষার খাতা জমা দিয়ে মোটরসাইকেলে বাড়ি ফিরছিলো। পথে ঝিনাইদহ-কুষ্টিয়া মহাসড়কের বড়দাহ মাদ্রাসা এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি ট্রাক তাকে চাপা দিয়ে পালিয়ে যায়।

এতে ঘটনাস্থলেই মারা যায় জিসান। খবর পেয়ে হাইওয়ে পুলিশ তার লাশ উদ্ধার করে। জিসান গাড়াগঞ্জ মাধ্যমিক বিদ্যালয় থেকে এবারের এসএসসি পরীক্ষায় অংশ নিয়েছে।

ঝিনাইদহের আরাপপুর হাইওয়ে থানার ওসি মৃত্যুঞ্জন শিকারী বলেন, মরদেহ ঘটনাস্থল থেকে উদ্ধার করে হাসপাতালে রাখা হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকলে তাদের কাছে বুঝে দেওয়া হবে।

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় কলেজ ছাত্র নিহত

ঝিনাইদহের কালীগঞ্জে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী
(২০) নামের এক কলেজ ছাত্র নিহত হয়েছে। আজ বুধবার (৬মার্চ) সকালে কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে।

নিহত সাহেদ উপজেলার ঈশ্বরবা গ্রামের রমজান আলীর ছেলে। এবছর এইচএসসি পাশ করে বিশ্ববিদ্যালয়ে ভর্তি পরিক্ষায় অংশ নিচ্ছে। ঘাতক

ট্রাকটিকে আটক করেছে কালীগঞ্জ থানা পুলিশ।

কালীগঞ্জ ফায়ার সার্ভিসের স্টেশন অফিসার শেখ মামুনুর রশিদ জানান, সকালে মোটরসাইকেল যোগে বাড়ি থেকে বেরিয়ে কালীগঞ্জ শহরে আসছিল সাহেদ আলী। পথিমধ্যে শহরের বিহারীমোড় নামক স্থানে পৌছালে সামনের দিক থেকে আসা রড বোঝাই একটি ট্রাকের সাথে মোটর সাইকেলটির মুখোমুখি সংঘর্ষ হয়। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আবু আজিফ জানান, কালীগঞ্জ পৌরসভার বিহারী মোড় নামক স্থানে ট্রাক চাপায় মোটরসাইকেল আরোহী সাহেদ আলী নামের এক কলেজ ছাত্রের মৃত্যু হয়েছে। পরিবারের পক্ষ থেকে কোন মামলা না করায় মৃতদেহ পরিবারের কাছে হস্তান্তর করেছে।

ঝিনাইদহে ট্রাক চাপায় নারী বাইকার নি*হত

ঝিনাইদহ সদর উপজেলার তেতুঁলতলা বাজারে ট্রাক চাপায় রুলী খাতুন
(৩০) নামের এক নারী বাইকার নিহত হয়েছে।

গতকাল সোমবার রাত আনুমানিক সাড়ে ১০ টার সময় ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার নামক স্থানে এ দুর্ঘটনাটি ঘটে। নিহত নারী সদর উপজেলার কালীচরণপুর ইউনিয়নের বড় নাচনা গ্রামের আনছার আলীর মেয়ে। গতকাল সোমবার মধ্যরাতে পুলিশ তার লাশ উদ্ধার করে সদর হাসপাতালে নিয়ে আসে।

প্রত্যক্ষদর্শী রাকিব হাসান জানান, রাতে কালীগঞ্জ থেকে মোটরসাইকেল যোগে রুলী খাতুন বড় নাচনা গ্রামের বাড়িতে ফিরছিলেন। পথে অজ্ঞাত একটি ট্রাক তাকে পিষ্ট করে পালিয়ে যায়। এতে ঘটনাস্থলে তিনি নিহত হন। দুর্ঘটনায় রুলী খাতুনের মাথা ছিন্ন ভিন্ন হয়ে যায়।

বারোবাজার হাইওয়ে থানার অফিসার ইনচার্জ আদম আলী জানান, ঝিনাইদহ-যশোর মহাসড়কের তেতুলতলা বাজার নামক এলাকায় একটি দুর্ঘটনায় রুলী

নামের এক নারী নিহত হয়েছে। নিহতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য রাতেই ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।

এ ঘটনায় থানায় একটি অপমৃত্যু মামলা হয়েছে।

আলমডাঙ্গাতে ট্রাক চাপায় ভ্যানচালকের মৃত্যু

আলমডাঙ্গার কালিদাসপুরে কাঠ বোঝাই ট্রাকের চাকায় পিষ্ট হয়ে মহসিন (৫০) নামের এক ভ্যানচালকের মৃত্যু হয়েছে। গতকাল সোমবার রাত সাড়ে ৮ টার দিকে আলমডাঙ্গা-কুষ্টিয়া আঞ্চলিক মহাসড়কের কালিদাসপুর দক্ষিণপাড়ায় বাজার সংলগ্ন এলাকায় এ দুর্ঘটনা ঘটে।

নিহত মহসিন কুষ্টিয়া জেলার মীরপুর থানাধীন চক-হারদি গ্রামের মৃত তাজ উদ্দীনের ছেলে। সে কালিদাসপুর দক্ষিণপাড়া এলাকার একটি ভাড়া বাড়িতে বসবাস করতেন।

পুলিশ ও প্রত্যক্ষদর্শীরা জানায়, গতকাল সোমবার রাতে মহসিন ভ্যান নিয়ে বাড়ির দিকে যাচ্ছিল। সে বাড়ির নিকট ভ্যান রেখে চায়ের দোকানে যেতে রাস্তা পার হচ্ছিলেন। চুয়াডাঙ্গা থেকে কুষ্টিয়া গামী একটি কাঠবোঝাই ট্রাক ভ্যান চালককে চাপা দেয়। এতে ট্রাকের চাকায় পিষ্ট হয়ে ঘটনাস্থলেই মহসিনের মৃত্যু হয়। এ সময় স্থানীয় লোকজন ট্রাকটিকে আটক করলেও চালক পালিয়ে যায়।

বিষয়টি নিশ্চিত করে আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ বলেন, ‘ খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশ উদ্ধার করা হয়েছে। দুর্ঘটনা কবলিত ট্রাকটি আটক করা হয়েছে। চালক ও হেলপার পালিয়ে।

আলমডাঙ্গায় নাতির সামনে, ট্রাক চাপায় প্রাণ গেলো দাদার

বিয়াই বাড়ি ঈদের দাওয়াত খেয়ে ফেরার পথে ট্রাক চাপায় প্রাণ গেল আকুব্বর (৭০) নামের এক বৃদ্ধর। আজ বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে উপজেলার হারদী ইউনিয়নের উদয়পুর গ্রামে এ দুর্ঘটনা ঘটে। নিহত আকুব্বর হোসেন বৈদ্যনাথপুর গ্রামের মৃত খেদআলী মন্ডলের ছেলে।

পরিবার সূত্রে জানাযায়, আজ বৃহস্পতিবার দুপুরে ছেলে ও দুই নাতিকে নিয়ে বৃদ্ধ আঠারোখাদা গ্রামে বিয়াই বাড়ি কোরবানি দাওয়াতে যায়। বিকেলে ফেরার পথে ছেলে মোটরসাইকেল চালাচ্ছিলো। দুই নাতিকে নিয়ে পিছনে বসেছিল বৃদ্ধ আকুব্বর । মোটরসাইকেল উদয়পুর গ্রামের মাঠের নিকট পৌঁছালে বিপরীত দিক থেকে বেপরোয়া গতিতে ছুটে আসে ট্রাক । বৃষ্টি হওয়াই, মোটরসাইকেল ব্রেক দিতেই স্লিপ করে। গাড়ির পিছন থেকে ছিটকে চলন্ত ট্রাকের নিচে চাপা পড়েন বৃদ্ধ আকুব্বর। সেখানেই তিনি মারা যান।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। লাশের সুরতহাল রিপোর্ট শেষে পরবর্তী আইনগত ব্যবস্থা নেয়া হবে।

কুষ্টিয়ায় ট্রাকের চাপায় যুবকের মৃত্যু

কুষ্টিয়ার মিরপুর উপজেলার তালতলা এলাকা থেকে ট্রাকের চাপায় হসাইন মাল (১৮) নামে এক মোটরসাইকেল আরোহী নিহত হয়েছেন। এ ঘটনায় ট্রাকটি আটক করেছে মিরপুর থানা পুলিশ।

মঙ্গলবার (২ মে) বিকাল সাড়ে ৫টার সময় কুষ্টিয়া-মেহেরপুর সড়কের মিরপুর বাসস্ট্যান্ডের সন্নিকটে তালতলা নামক স্থানে এ দূর্ঘটনা ঘটে।

নিহত হোসাইন মাল মিরপুর উপজেলার অঞ্জনগাছি গ্রামের জামাল হোসেন মালের ছেলে।

এ বিষয়ে মিরপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো: রফিকুল ইসলাম বলেন, মঙ্গলবার মিরপুর বাজার এলাকা থেকে টাইস এর কাজ শেষ করে মোটরসাইকেল যোগে অঞ্জনগাছি এলাকায় বাড়ি ফিরছিলো হোসাইন। পথিমধ্যে কুষ্টিয়া-মেহেরপুর সড়কের তালতলা নামক স্থানে মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী একটি মালবাহী ট্রাকের সাথে ধাক্কা লেগে পড়ে গিয়ে ট্রাকের চাকায় পৃষ্ট হয় হোসাইন। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। ট্রাকটি উদ্ধার করে করা হয়েছে। তবে ট্রাকের ড্রাইভার ও হেলপার পলাতক রয়েছে।

কুষ্টিয়ায় ট্রাক চাপায় কিশোরের মৃত্যু

কুষ্টিয়া কুষ্টিয়ায় ট্রাক চাপায় নাঈম (১৫) নামে এক কিশোরের মৃত্যু হেয়েছে।

সোমবার রাতে কুষ্টিয়ার বটতৈল -পোড়াদহ সড়কের দোস্তপাড়া বিসমিল্লাহ অটো রাইচ মিলের সামনে এ দুর্গটনা ঘটে। নিহত নাঈম সদর উপজেলার আলামপুর ইউনিয়নের স্বর্গপুর গ্রামের বাহারাইন প্রবাসী আলমেরপেুত্র।

বাবা প্রবাসে থাকায় নাঈম তার মা লতা খাতুনের সাথে নানার বাড়ি দোস্তপাড়ায় থাকতেন।

স্থানীয়রা জানান, ঘটনার সময় একটি দ্রুতগামী ট্রাকের সামনের চাকা ব্লাস্ট করলে ট্রাকটি নিয়ন্ত্রণ হারিয়ে ফেলে এবং পাখিভ্যান গাড়ী ট্রাকের নিচে চলে যায়। পাখি ভ্যানে থাকা নাঈম চাপা পড়ে ঘটনাস্থলেই মৃত্যুবরণ করেন।